



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড  
BANGLADESH POWER DEVELOPMENT BOARD

নির্বাহী প্রকৌশলীর দপ্তর  
বিতরণ বিভাগ, বিউবো,  
মহিপাল, ফেনী।  
ফোন-০৩৩১-৭৪৪৮০  
E-Mail: distdivbpbdb\_feni@yahoo.com

স্মারক-২৭.০০.৩০০০.৫২৬.২১৬.২০১১-৭৪৩

০৯-০৪/২০১১

জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

অদ্য ০৯/০৪/২০১১ ইং রোজ মঙ্গলবার নির্বাহী প্রকৌশলীর দপ্তরে বেলা ১২:৪৫ ঘটিকায় শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটির আহ্বায়ক ও নির্বাহী প্রকৌশলী বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ফেনী এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণীর উপর আলোচনা হয়। শুদ্ধাচার কৌশলের উপর গুরুত্ব আরোপ করে সভাপতি মহোদয় গ্রাহক সেবা, সেবার মান বৃদ্ধি করা, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের সর্বোচ্চ উদ্যোগ গ্রহন করা এবং সকল কাজে নৈতিকতা বজায় রাখিয়া কাজ করার আহ্বান জানান।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের সহিত আলোচনা করিয়া শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটি পুনঃ গঠন করিয়া ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটি গঠন করেন। সভায় সকলের সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

- ক) অত্র দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদের কে কোন গ্রাহকের সহিত কোন ধরনের অনৈতিক লেন দেন না করার জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়।
- খ) অত্র দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদের কে দাপ্তরিক নিয়ম অনুসারে যথা সময়ে কর্মস্থলে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।
- গ) গ্রাহক সেবার মান বৃদ্ধি করিতে হইবে।
- ঘ) ওয়ান পয়েন্ট সার্ভিস সেন্টারের কার্যক্রম আরও গতিশীল করিতে হইবে।
- ঙ) প্রাকৃতিক দুর্যোগে বিদ্যুৎ বিভ্রাট হইলে যথা সাধ্য স্বল্প সময়ে বিদ্যুৎ পরিস্থিতি স্বাভাবিক করার জন্য সকলকে আন্তরিকতার সহিত কাজ করিতে হইবে।

সভাপতি মহোদয় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

(মোঃ শহীদুল ইসলাম)

আহ্বায়ক

শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটি

ও

নির্বাহী প্রকৌশলী

বিতরণ বিভাগ, বিউবো, ফেনী।

অনুলিপিঃ-

- ০১) প্রধান প্রকৌশলী, বিতরণ কুমিল্লা অঞ্চল, বিউবো, কুমিল্লা।
- ০২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওস সার্কেল, বিউবো, নোয়াখালী।
- ০৩) জেলা প্রশাসক, ফেনী।
- ০৪) সকল সহকারী প্রকৌশলী, অত্র দপ্তর।
- ০৫) সকল উপ-সহকারী প্রকৌশলী, অত্র দপ্তর।
- ০৬) সকল সদস্য।
- ০৭) দপ্তর নথি।